



ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Dhaka Customs Agents Association

3/C, New Baily Road, Ramna, Dhaka. Ph : 02222225942, 48312757, 48317328
E-mail : dcaa.2009@gmail.com, Website : www.dcaadhaka.org

প্রচার পত্র নং-৫৭/২০২১

তারিখ ২৫-০৯-২০২২ইং

লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

এতদ্বারা ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর বিধি-১৫ এর বিধান মোতাবেক কাস্টম হাউস, ঢাকা, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, কাস্টম হাউস, পানগাঁও এবং কাস্টমস্ বন্ড কমিশনারেট এর আওতাধীন ঢাকা ইপিজেড ও আদমজী ইপিজেড এর যেসকল কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্সের মেয়াদ আগামী ৩১/১২/২০২২ইং তারিখে উত্তীর্ণ হবে তা পরবর্তী ০৫ (পাঁচ) বৎসর (২০২৩-২০২৭) মেয়াদে নবায়নের লক্ষ্যে ২৫-১০-২০২২ইং তারিখের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষের বরাবরে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া যেসকল কাস্টম সরকার পারমিট ৩১/১২/২০২২ইং তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে, তা পরবর্তী মেয়াদে নবায়নের জন্য উক্ত সময়ের মধ্যে গুরু কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

লাইসেন্স নবায়নের ক্ষেত্রে নিম্নলিখিত দলিলাদি/কাগজপত্র দাখিল করতে হবে :

- ০১। ২০/- (বিশ) টাকা মূল্যমানের কোর্ট ফি সম্বলিত লেটার হেড প্যাডে লাইসেন্স নবায়নের আবেদন, যা (প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের মূল মালিক/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে);
- ০২। মূল লাইসেন্সের কপি;
- ০৩। লাইসেন্স বুকলেট;
- ০৪। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি;
- ০৫। হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত কপি;
- ০৬। হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র (লাইসেন্সে উল্লেখিত ঠিকানা অনুযায়ী) এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানোর কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ০৭। নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের চালানোর কপি;
- ০৮। সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন কর্তৃক প্রদানকৃত হালনাগাদ সদস্যভুক্তির সনদপত্র;

সিএন্ডএফ এজেন্টস্ লাইসেন্স নবায়নের ফি ও ভ্যাট জমাদানের সুবিধার্থে কোড নম্বর সমূহ দেয়া হল :

** ঢাকা কাস্টমস্ হাউস, ঢাকা এর ক্ষেত্রে :

- ০১। নবায়ন ফি ১০,০০০/- টাকা জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩১-০০০৫-১৮৫৪
- ০২। নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩৩-০০১৫-০৩১১
- ০৩। অফিস ভাড়ার উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩৩-০০১৫-০৩১১

** কাস্টমস্ হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর ক্ষেত্রে :

- ০১। নবায়ন ফি ১০,০০০/- টাকা জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩১-০০২০-১৮৫৪
- ০২। নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩১-০০২০-০৩১১
- ০৩। অফিস ভাড়ার উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩১-০০২০-০৩১১

** কাস্টমস্ হাউস, পানগাঁও, কেরানীগঞ্জ, ঢাকা এর ক্ষেত্রে :

- ০১। নবায়ন ফি ১০,০০০/- টাকা জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩১-০০২৫-১৮৫৪
- ০২। নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩৩-০০১০-০৩৯১
- ০৩। অফিস ভাড়ার উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩৩-০০১০-০৩৯১

** কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা এর ক্ষেত্রে :

- ০১। নবায়ন ফি ৫,০০০/- টাকা জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩৬-০০০৫-১৮৫৪
- ০২। নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩৬-০০০৫-০৩০১
- ০৩। অফিস ভাড়ার উপর ১৫% ভ্যাট জমা দেয়ার কোড নম্বর : ১-১১৩৬-০০০৫-০৩০১

ধন্যবাদান্তে

সকলের সার্বিক কল্যাণ কামনায়-

(মোহাম্মদ শাহজাহান)

সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত)